

৭/১
৩৫৪৮৯২০ মার্চ
১০২০ ১০২০

বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

রাসামাটি সরকারি কলেজ, বাসামাটি
নথিভুক্ত নং..... ২০
সংরক্ষিত ফাইল নং..... ২১২/২০২২
তারিখ: ২১/০২/২০২২
মুভিয়েল মুভিয়েল ১০০
গ্রহণের তারিখ: ২১/০২/২০২২
গ্রহণের স্থান: বাসামাটি
তারিখ: ২১/০২/২০২২

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০. ২৩৬

তারিখ: ২১/০২/২০২২

বিষয়: কোডিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম ২২/০২/২০২২

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ: ২২/০১/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোডিড-১৯ অতিমারির কারণে ২১/০১/২০২২ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। বর্তমানে কোডিড-১৯ পরিস্থিতি ক্রমাগতে সতোষজনক পর্যায়ে উন্নীত হওয়ায় ২২/০২/২০২২ খ্রি. হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি সিক্ষাত্ত বাস্তবায়নে প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে ইতিপূর্বে সূত্রোক্ত পত্রানুযায়ী “গাইড লাইন” এর নির্দেশনা ছাড়াও তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

কার্যক্রমসমূহ:

- শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষার্থী কোডিড-১৯ টিকার ২য় ডোজ গ্রহণ করেছে সে সকল শিক্ষার্থী সশরীরে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে;
- শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশমুখসহ অন্যান্য স্থানে কোডিড-১৯ অতিমারি সম্পর্কিত সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি প্রতিপালনে কর্মসূচীর বিষয়সমূহ ব্যানার বা অন্য কোন উপায়ে প্রদর্শনের ব্যবস্থা করা;
- শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পথে সকল শিক্ষক-কর্মচারী-শিক্ষার্থী-অভিভাবকদের তাপমাত্রা পরিমাপক যন্ত্রের মাধ্যমে নিয়ন্ত্রিত তাপমাত্রা মাপা ও তা পর্যবেক্ষণ করার ব্যবস্থা করা;
- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পরিস্থিতি বিবেচনায় অনলাইন/ডার্চুয়াল প্ল্যাটফর্ম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
- শিক্ষার্থীদের জন্য বিতরণকৃত অ্যাসাইনমেন্টসমূহের কার্যক্রম যথায়ীভি অব্যাহত থাকবে;
- শিক্ষার্থীদের ক্লাস রুটিন ইতোপূর্বে প্রেরিত নির্দেশনা মোতাবেক প্রণয়ন করতে হবে;
- শিক্ষার্থীদের ডিড় এডানোর জন্য প্রতিষ্ঠানের সবগুলো প্রবেশ/প্রস্থান মুখ ব্যবহার করার ব্যবস্থা করা। যদি কেবল একটি প্রবেশ/প্রস্থান মুখ থাকে সেক্ষেত্রে একাধিক প্রবেশ/প্রস্থান মুখের ব্যবস্থা করার চেষ্টা করা;
- প্রতিষ্ঠান খোলা প্রথম দিন শিক্ষার্থীদের আনন্দঘন পরিবেশে শ্রেণি কার্যক্রমে স্বাগত জানানোর ব্যবস্থা করা;
- প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীরা কিভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে অবস্থান করবে এবং বাসা থেকে যাওয়া-আসা করবে সেই বিষয়ে তাদেরকে শিক্ষার্থী ও উদ্বৃক্তকারী ব্রিফিং প্রদান করার ব্যবস্থা করা;
- প্রতিষ্ঠানের একটি কক্ষ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থাসহ আইসোলেশন কক্ষ হিসেবে প্রস্তুত রাখা;
- প্রতিষ্ঠানের সকল ভবনের কক্ষ, বারান্দা, সিডি, ছাদ এবং আঙিনা যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা করা;
- প্রতিষ্ঠানের সকল ওয়াশরুম নিয়ন্ত্রিত সঠিকভাবে পরিষ্কার রাখা এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখা;
- প্রতিষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী, অভিভাবকসহ অন্য কেউ প্রবেশ/অবস্থান/প্রস্থানের সময় সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করা;
- প্রতিষ্ঠানের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারী এবং অন্য কেউ সঠিকভাবে মাঝ পরিধান করার বিষয়টি নিশ্চিত করা;
- প্রতিষ্ঠানে সাবান বা হ্যান্ডওয়াশ দ্বারা হাত খোয়ার পর্যাপ্ত ব্যবস্থা করা;
- শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা। এক্ষেত্রে পারম্পরিক ৩ (তিনি) ফুট শারীরিক দূরত বজায় রাখার ব্যবস্থা করা;
- শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ, ডেন ও বাগান যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা এবং কোথাও পানি জমে না থাকে তা নিশ্চিত করার ব্যবস্থা করা;
- প্রতিষ্ঠানসমূহে শিক্ষক, শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা নিরূপণ করা;
- প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আনন্দঘন শিখন কার্যক্রমের মাধ্যমে শ্রেণি কার্যক্রম পরিচালিত করা;
- প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের সাথে সভা করে এতদসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

অধ্যক্ষ নেহাল আহমেদ

মহাপরিচালক

ফোন: ০২-২২৩৩৫১০৫৭

বিতরণ:

- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল